দৈনিক ইত্তেফাক

তারিখ 26 MAY 2006
পৃঃ ৯ কলাম ৫

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ
নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ

# ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ ১৯৯৫-৯৬

নং-ডি-১৯০৩(৬) তারিখঃ ২১-৫-৯৬

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৪ বছর মেয়াদী স্নাতক কোর্সের প্রথম বর্ষে ভর্তির উদ্দেশ্যে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যোগ্য প্রার্থিগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ঃ

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণ সূত্রে বাংলাদেশের নাগরিক/ স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। ১৯৯৪ এবং ১৯৯৫ সালে যারা উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাস করেছে তারা নীচের (৩) ও (৪) নং শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

৩। প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে অতিরিক্ত বিষয়ের নম্বর বাদে কমপক্ষে ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস অথবা সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাস হতে হবে।

৪। প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে গড়ে কমপক্ষে ৬০% এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৫০% নম্বর পেয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস অথবা তার সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাস হতে হবে।

৫। উচ্চমাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে অথবা সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধানুসারে প্রথম দুই হাজার প্রার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। তবে দুই হাজারতম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

আসন সংখ্যা ঃ প্রথমবর্ষে ভর্তির জন্য সর্বমোট ৩০টি আসন আছে।

ভর্তি পরীক্ষার বিষয়বস্তু ও নির্ধারিত নম্বর

| | |
|---|---|
| ১। গণিত | ১০০ |
| ২। পদার্থ বিজ্ঞান | ১০০ |
| ৩। রসায়ন | ১০০ |
| ৪। সাধারণ জ্ঞান (বাংলাদেশ সংক্রান্ত) | ১০০ |
| ৫। ফাংশন্যাল ইংলিশ ও লিখিত আলোচনা | ১০০ |
| সর্বমোট | ৫০০ |

**দরখাস্ত গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী**

| | | |
|---|---|---|
| ক) | ভর্তির আবেদনপত্র সরাসরি অথবা ডাকে রেজিস্ট্রারের নিকট পৌছানোর শেষ তারিখঃ | বৃহস্পতিবার, ২০শে জুন ১৯৯৬ ইং বিকাল ৩-৩০ মিঃ |
| খ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য, যোগ্য প্রার্থীদের নাম ঘোষণা ঃ | বৃহস্পতিবার, ২৭শে জুন ১৯৯৬ ইং |
| গ) | ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ | শনিবার, ১৩ই জুলাই ১৯৯৬ ইং সকাল ৯টা থেকে দুপুর ১২টা |
| ঘ) | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ঘোষণাঃ | বৃহস্পতিবার, ২৫শে জুলাই, ১৯৯৬ ইং |

দরখাস্ত করার নিয়ম

রেজিস্ট্রারি অফিস হতে নগদ দুইশত টাকা প্রদান করে দরখাস্ত ফরম ও দরখাস্ত করার বিস্তারিত নিয়মাবলীসহ প্রসপেক্টাস সরাসরি সংগ্রহ করা যাবে অথবা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অফেরতযোগ্য দুইশত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ঢাকা শহরস্থ সোনালী ব্যাংকের যেকোন শাখার উপর প্রদত্ত) নিজ ঠিকানাসহ দশ টাকার ডাকটিকেট সম্বলিত ২৫৫×১১৫ মি, মি, বা ১০×৪.২৫ ইঞ্চি সাইজের খাম পাঠালে দরখাস্ত ফরম ও প্রসপেক্টাস ডাকযোগে পাঠানো হবে।

রেজিস্ট্রার।

স-৯৪১ (১০×২)